



যোগাযোগের চেকলিস্ট

জন্ম থেকে চার বছরের শিশুদের জন্য

নিম্নলিখিত প্রশ্নগুলির কোনটির উত্তর 'না' হলে আর্লি এভিলিটমেন্ট-কে 1-833-575-KIDS (5437) নম্বরে কল করুন

শিশুর প্রথম ভাষা ইংরেজি না হলে অনুগ্রহ করে আপনার শিশুর মাতৃভাষার চেকলিস্ট ব্যবহার করুন।
চেকলিস্ট অনেকগুলি ভাষায় উপলব্ধ।

2 মাস বয়সের মধ্যে

হ্যাঁ না

আপনার শিশুর শ্রবণ ক্ষমতার পরীক্ষা হয়েছে কি?
যদি না হয়ে থাকে, অনুগ্রহ করে আমাদের 1-833-575-5437 নম্বরে কল করে আপনার বাড়ির কাছের কোন কিলনিকে আপনার শিশুরি বিনামূল্যে চিকিৎসা পরামর্শের আবেদন করা হবে।

6 মাস বয়সের মধ্যে

শিশুটি কি:

- জোরে আওয়াজ হলে চমকে ওঠে?
- আওয়াজ যদি থেকে আসছে সেদিকে ঘুরে যায়?
- বিভিন্ন প্রয়োজনে বিভিন্নরকম আওয়াজ করে (খিদে পাওয়া, ক্লান্ত হয়ে পড়া)?
- আপনি কথা বললে সে আপনার মুখের দিকে তাকিয়ে থাকে?
- আপনার হাসির/সশব্দ হাসির প্রতিক্রিয়ায় হাসে/সশব্দে হাসে?
- কাশি বাঃ আঃ, এহে, বাঃ জাতীয় অন্যান্য শব্দ নকল করে?

9 মাস বয়সের মধ্যে

শিশুটি কি:

- তার নাম ধরে ডাকলে সাড়া দেয়?
- টেলিফোন বাজলে বা দরজা ঠকঠক করলে প্রতিক্রিয়া দেয়?
- না বললে বুঝতে পারে?
- অঙ্গভঙ্গির ব্যবহারের দ্বারা যেটা চাই সেটা পায় (কোলে তুলে নেওয়ার জন্য হাত বাড়িয়ে দেওয়া)?
- আপনার সঙ্গে যৌথ খেলা খেলে (লুকোচুরি)?
- লোকজনের মধ্যে থাকা উপভোগ করে?
- বাবাবাবা বা দুদুদু জাতীয় আধো আধো আওয়াজ বার বার করে?

12 মাস বয়সের মধ্যে

শিশুটি কি:

- একধাপের নির্দেশ অনুসরণ করতে পারে (বসে পড়ো।)? ...
- কোন প্রাপ্তবয়স্ক দেখিয়ে দিলে ঘরের মধ্যে পড়ে থাকা কোন খেলনার দিকে দেখতে থাকে? ...
- তিন থেকে পাঁচটি শব্দ ধারাবাহিকভাবে ব্যবহার করে? ...
- অঙ্গভঙ্গির মাধ্যমে ভাব প্রকাশ করে (অভ্যর্থনা করতে/বিদায় জানাতে হাত নাড়ে, না বলতে মাথা নাড়ে)? ...
- আওয়াজ, অঙ্গভঙ্গি ও আপনার চোখের দিকে তাকিয়ে আঙুল দেখিয়ে আপনার মনোযোগ আকর্ষণ করে? ...
- খেলনা নিয়ে এসে আপনাকে দেখায়? ...
- লোকের মনোযোগ ও প্রশংসা পেতে কোন কিছু প্রদর্শন করে? ...
- একসঙ্গে বিভিন্নরকম আওয়াজ করে যেন কথা বলছে এমন দেখায় (আবাদা বাদু আবিই)? ...
- সহজসরল ছবির বইতে আগ্রহ দেখায়? ...

18 মাস বয়সের মধ্যে

শিশুটি কি:

- ভিতর ও বাইরের, বন্ধ ও খোলার অর্থ বুঝতে পারে? ...
- জিজ্ঞাসা করলে শরীরের 2-এর বেশি অংশ দেখাতে পারে? ...
- অন্ততঃ 20টি শব্দ ধারাবাহিকভাবে ব্যবহার করতে পারে? ...
- সহজসরল পত্র বা অঙ্গভঙ্গির প্রতিক্রিয়া দিতে পারে (টেডি কই? এটা কী?)? ...
- পুতুলের সঙ্গে যেন খেলা করছে এমন দেখাতে পারে (টেডি বিয়ারকে জল খাওয়ায়, বাটিকে টুপি হিসাবে দেখায়)? ...
- অন্ততঃ চার রকমের ব্যঞ্জনধ্বনি উচ্চারণ করতে পারে (প, ব, ম, ন, দ, গ, ঙ, হ)? ...
- পড়ে শোনানো ও সহজসরল বই আপনার সঙ্গে ভাগ করে নেওয়া উপভোগ করে? ...
- এক আঙুল দিয়ে ছবির দিকে দেখায়? ...

2 বছর বয়সের মধ্যে

শিশুটি কি:

- দুইধাপের নির্দেশ অনুসরণ করতে পারে (তোমার টেডি বিয়ার খুঁজে বার করো আর ঠান্মাকে দেখাও।)? ...
- 100 থেকে 150 শব্দ ব্যবহার করতে পারে? ...
- অন্ততঃ দুটি সর্বনাম ব্যবহার করতে পারে (তুমি, আমি, আমার)? ...
- ধারাবাহিকভাবে দুই থেকে চার শব্দের বাক্যাংশ একত্র করে বলতে পারে (বাবার টুপি ট্রাক উল্টে গেছে।)? ...
- অন্য শিশুদের সঙ্গে উপভোগ করে? ...
- অন্য শিশুদের খেলনা খেলতে দেয় এবং অন্য শিশুদের কাজকর্ম ও বুলি নকল করে? ...
- শব্দ এমনভাবে ব্যবহার করে যা অন্যান্য 50 থেকে 60 শতাংশ ক্ষেত্রে বুঝতে পারে? ...
- সহজে ও অনাম্যাসে শব্দ বলতে বা আওয়াজ করতে পারে? ...
- সঠিক দিক থেকে বই খুলতে ও পাতা ওলটাতে পারে? ...
- পুতুলের সঙ্গে যেন খেলা করছে এমন দেখাতে পারে (উদাহরণস্বরূপ, টেডি বিয়ারকে ঘুমনোর জন্য তৈরী করে)? ...
- রং পেনসিল নিয়ে হিজিবিজি কাটে? ...

30 মাস বয়সের মধ্যে

হ্যাঁ না

শিশুটি কি:

- আয়তন (ছোট/বড়) ও পরিমাণ (খুব অল্প/অনেকটা, বেশি)-এর ধারণাগুলি বুঝতে পারে? ...
- প্রাপ্তবয়স্কদের ব্যাকরণ ব্যবহার করে (দুটো বিস্কুট, পাখি উড়ছে, আমি লাফালাম)? ...
- 350-এর বেশি শব্দ ব্যবহার করে? ...
- দৌড়, উপচে পড়া, পড়ে যাওয়া, খাওয়া, ঘুমনো, যাওয়া জাতীয় কর্মবাচক শব্দ ব্যবহার করে? ...
- সতীর্থদের সঙ্গে শব্দ ও খেলনা, উভয়ের ব্যবহার করে কোন পালা করে করার কাজকর্মে অংশগ্রহণ করেছে? ...
- অন্য কোন শিশু আহত বা বিষণ্ণ হলে চিন্তা ব্যক্ত করেছে? ...
- খেলার মধ্যে বিভিন্ন কাজকে একত্রে করেছে (পুতুলকে খাওয়ানো ও তাকে ঘুম পাড়ানো।
ট্রেনে ব্লকগুলি চাপানো এবং ট্রেনটিকে চালানো, ব্লকগুলি নামিয়ে আসা।)? ...
- বেশিরভাগ শব্দের গোড়ায় আওয়াজ যোগ করে? ...
- দুটি বা তার বেশি সিলের বা স্পন্দনযুক্ত শব্দ ব্যবহার করে (ব্যা-না-না, কম-পিউ-টার, আ-পেল)? ...
- ছাপা অবস্থায় চেনা লোগো ও চিহ্ন চিনতে পারে (খামার চিহ্ন)? ...
- চেনা গল্প মনে রাখতে ও বুঝতে পারে? ...

3 বছর বয়সের মধ্যে

শিশুটি কি:

- কে, কি, কোথায় ও কেন জাতীয় প্রশ্ন বুঝতে পারে? ...
- পাঁচটি থেকে আটটি শব্দের লম্বা বাক্য তৈরী করতে পারে? ...
- পুরনো কোন ঘটনার কথা বলে (দাদু-দিদার বাড়ি ঘুরতে যাওয়া, শিশু পরিচর্যার একটি দিন)? ...
- সহজসরল গল্প বলে? ...
- প্রিয় খেলার সার্থীদের প্রতি প্রীতি প্রদর্শন করে? ...
- বহু-ধাপযুক্ত কাজ যেন খেলা করছে এমনভাবে দেখাতে পারে
(যেন কোন খাবার রান্না করছে, যেন গাড়ি মেরামত করছে)? ...
- এমনভাবে কথা বলে যাতে পরিবারের বাইরের বেশিরভাগ লোক বেশিরভাগ সময় তার কথা বুঝতে পারে? ...
- ছাপা অক্ষরে যা লেখা আছে তার কাজ বুঝতে পারে (মেনু, তালিকা, চিহ্ন)? ...
- অন্ত্যমিলযুক্ত শব্দে আগ্রহ আছে বা সে সম্পর্কে সচেতন? ...

4 বছর বয়সের মধ্যে

শিশুটি কি:

- তিন বা তার বেশি ধাপযুক্ত নির্দেশ অনুসরণ করতে পারে
(প্রথমে একটা কাগজ নাও, তারপর তাতে একটা ছবি আঁক আর সেটা মা'কে দাও।)? ...
- প্রাপ্তবয়স্কদের মতো ব্যাকরণ ব্যবহার করে? ...
- শুরু, মাঝের অংশ ও শেষ সহ গল্প বলে? ...
- প্রাপ্তবয়স্কদের ও অন্য শিশুদের সঙ্গে সমস্যা হলে কথা বলে তার সমাধানের চেষ্টা করে? ...
- ক্রমবর্ধমানভাবে জটিল কাল্পনিক খেলা প্রদর্শন করে? ...
- এমনভাবে কথা বলে যাতে অচেনা লোকেরাও তার কথা শুনে প্রায় সবসময়ই বুঝতে পারে? ...
- সরল অন্ত্যমিল তৈরী করে (রুমাল-বেড়াল)? ...
- কিছু অক্ষরকে তাদের উচ্চারণের সঙ্গে মেলায় (ব-আ বাঃ, ত-আ তা)? ...

যে কোন শিশু সম্পর্কে আমাদের কল করুন...

- আপনি যদি তার বাকশক্তি/ভাষার বিকাশ নিয়ে চিন্তিত হন।
- আপনি যদি তার শোনা নিয়ে চিন্তিত হন।
- গত ছ'মাসে যদি তার বাকশক্তি ও ভাষার দক্ষতার কোন উন্নতি না হয়ে থাকে।
- যে প্রায়শই একই আওয়াজ এবং/অথবা শব্দ বার বার বলতে থাকে (তোংলামি)।
- যার গলার আওয়াজ আপনার কাছে অন্যরকম বা অদ্ভুত শোনায়।
- যার খেলাধুলো বা সামাজিক কথাবার্তা বেমানান মনে হয়।
- বিদীর্ণ ঠোঁট/টোকরা, শ্রবণ ক্ষমতা হ্রাস, PDD/অটিজম, বিলম্বিত বিকাশ শনাক্ত হয়েছে এমন (যে ইতিমধ্যেই পরিষেবা গ্রহণ করছে না)।

রধুত হসধতধে অতছযন্তু

গুবুতবধপূণশল। আলিশল এবিশিলশজ-কে কল করুন।

1-833-575-KIDS (5437) TTY 1-833-575-KIDS (5437)

আমাদের ওয়েবসাইটে অনলাইন রেজিস্ট্রেশন উপলব্ধ

www.surreyplace.ca

পূরণ করার তারিখ: _____

শিশুর নাম: _____

শিশুর জন্মতারিখ: _____

যে ব্যক্তি ফর্ম পূরণ করছেন: _____

যোগাযোগের ঠিকানা: _____

ডাকঘরের কোড: _____ শহর: _____

ফোন নং: _____ বিকল্প ফোন নং _____